বিজেএমসি বুলেটিন জানুয়ারি-মার্চ ২০১৬





## মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক এমপিএ বাস্তবায়নে অবদানকারীদের সম্মাননা প্রদান অনুষ্ঠান ও বহুমুখী পাটপণ্য মেলা

রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ৬-৮ ই মার্চ'১৬ অনুষ্ঠিত হলো "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ (এমপিএ)" এর সফল বাস্তবায়নে অবদানকারীদের সম্মাননা প্রদান অনুষ্ঠান এবং বহুমুখী পাটজাত পণ্য মেলা'২০১৬। ৩ (তিন) দিন ব্যাপী এই অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনা**। উদ্বোধন অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রী পাটকে কৃষিপণ্য হিসেবে ঘোষণা করে বলেন এখন থেকে পাট উৎপাদন, বিপণন ও রপ্তানীতে কৃষিপণ্যের প্রাপ্ত সুযোগ সুবিধা দেয়া হবে। তিনি আরো বলেন, পাটখাতের মাধ্যমে এখনও বাংলাদেশে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জনের সুযোগ রয়েছে। সেক্ষেত্রে পরিবেশ বান্ধব তন্তু হিসেবে পাটের বহুমুখী ব্যবহার নিশ্চিত করতে হবে। উল্লেখ্য যে, উক্ত সম্মাননা অনুষ্ঠানে ১৩ ক্যাটাগরিতে বিভিন্ন প্রতিষ্ঠান ও আইন-শৃঙ্খলারক্ষাকারী সংস্থাসহ ৪১জনকে পুরস্কৃত করা হয়।




উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রী মুহাম্মদ ইমাজ উদ্দিন প্রামাণিক। আরো উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি সাবের হোসেন চৌধুরী, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব আবুল কালাম আজাদ, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব জনাব শহীদ উল্লা খন্দকার প্রমুখ ব্যক্তিবর্গ।

পাটপণ্য প্রদর্শনের জন্য ৩ (তিন) দিন ব্যাপী অনুষ্ঠিত মেলায় বিজেএমসি ও জেডিপিসি'র ক্ষুদ্র/মাঝারী উদ্যোক্তাদের প্রায় ৫০টি স্টল ছিল। যেখানে পাটের বস্তা, ক্যালেন্ডার, ব্লেজার, শাড়ি, জুতা, বিভিন্ন ধরনের ব্যাগ ও চটের তৈরি বিভিন্ন প্রকার গৃহস্থালী সামগ্রী প্রদর্শন করা হয়। মেলাটিতে ব্যাপক দর্শনার্থীর সমাগম ছিল এবং দর্শনার্থীদের মাঝে বহুমুখী পাটজাত পণ্য সম্পর্কে ক্রেতাদের মধ্যে প্রচুর আগ্রহ দেখা যায় এবং ক্রয়ের সাড়া পাওয়া যায়।





*উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছেন মাননীয় প্রধানমন্ত্রী*

## পাটপণ্য মেলা... মেলা বসেছে... মেলা...


পাটের তৈরি জুতা


পাটের সুদৃশ্য ওয়ালমেট


পাটের ব্লেজার


ঘর সাজানোর সামগ্রী


ছিল প্রচুর ক্রেতার সমাগম...



ব্যাগ!!!


শিল্পকর্ম..


*পাটপণ্য মেলা ২০১৬-এর সমাপনী অনুষ্ঠান*



*সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রী জনাব মুহাম্মদ ইমাজউদ্দিন প্রামাণিক*

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত তিনদিনব্যাপী পাটপণ্য মেলা-২০১৬ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির আসনে অধিষ্ঠিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মুহাম্মদ ইমাজ উদ্দিন প্রামাণিক, এমপি। এছাড়াও সভায় বিশেষ অতিথির আসন অলংকৃত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম, এমপি এবং সভাপতির আসনে ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব শহীদ উল্লা খন্দকার।

## বহুমুখী পাটপণ্য মেলার বিষয়ে পর্যালোচনা ও পরবর্তী করণীয় নির্ধারণে আলোচনা সভা

গত ১০ মার্চ ২০১৬ তারিখে ১২.৩০ ঘটিকায় জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর সভাকক্ষে ৬ মার্চ ২০১৬ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রদত্ত নির্দেশনা ও তিনদিনব্যাপী পাটপণ্য মেলার বিষয়ে পর্যালোচনা ও পরবর্তী করণীয় নির্ধারণে এক বিশেষ আলোচনা সভা ও মধ্যাহ্ন ভোজের আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মুহাম্মদ ইমাজ উদ্দিন প্রামাণিক, এমপি। এছাড়াও সভায় বিশেষ অতিথির আসন অলংকৃত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম, এমপি। উক্ত অনুষ্ঠানে বিজেএমসি'র চেয়ারম্যান মেজর জেনারেল (অবঃ) হুমায়ূন খালেদসহ বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং মন্ত্রণালয় অধীনস্থ সকল দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



## ২১ তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৬ এ বিজেএমসি'র অংশগ্রহণ

গত ০১/০১/২০১৬ হতে ৩১/০১/২০১৬ তারিখ পর্যন্ত এক মাস ব্যাপী অনুষ্ঠিত হয় ২১ তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা। এ মেলায় জেডিপিসি (জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার) প্যাভিলিয়নের বিজেএমসি'র জন্য ০৬ নম্বর স্টলে বিজেএমসি'র পণ্যসমূহের পসরা বসেছিল। স্টলে বিজেএমসি তার নিয়ন্ত্রণাধীন মিলসমূহের উৎপাদিত প্রচলিত এবং বহুমুখী পাটজাত পণ্য প্রদর্শন করে। মেলাতে বিভিন্ন বয়সের প্রচুর দর্শনার্থীর সমাগম ঘটে। বিজেএমসি তার উৎপাদিত পণ্য এবং তথ্য সম্বলিত লিফলেট, পোস্টার, ব্রোশিউর দর্শনার্থীদের মধ্যে বিতরণপূর্বক বিজেএমসি'র সার্বিক কর্মকাণ্ড তুলে ধরে। নতুন প্রজন্মের মাঝে বহুমুখী পাটজাত পণ্যের বিষয়ে ব্যাপক সাড়া পাওয়া যায় এবং তাদের পাটজাত পণ্য ব্যবহারে বিপুল উৎসাহ পরিলক্ষিত হয়।





## INDIAN OCEAN NAVAL SYMPOSIUM (IONS) 2016 এর সদস্যদের সম্মানার্থে আয়োজিত Culture and Industries of Bangladesh Fair এ BJMC'র অংশগ্রহণ






ভারত মহাসাগরীয় অঞ্চলের নৌবাহিনী প্রধানদের পঞ্চম আন্তর্জাতিক সম্মেলন (5th Indian Ocean Naval Symposium 2016) উপলক্ষে বিশ্বের ২৬টি দেশের নৌ-প্রধানেরা ১০-১২ই জানুয়ারি ২০১৬ পর্যন্ত বাংলাদেশ অবস্থান করেন। তাঁদের সম্মানার্থে সম্মেলনের শেষ দিনে (১২ই জানুয়ারি ২০১৬) নেভাল হেড কোয়ার্টারে মেলার আয়োজন করা হয়। মেলায় বাংলাদেশের সংস্কৃতি তুলে ধরার পাশাপাশি গুরুত্বপূর্ণ ইন্ডাস্ট্রিগুলোর কর্মকাণ্ড তুলে ধরা হয়। উক্ত মেলায় বিজেএমসি বাংলাদেশের জুট ইন্ডাস্ট্রির প্রতিনিধি হিসাবে অংশগ্রহণ করে।

## ID Global Holdings এবং Al Maha Foods International Pvt. Ltd. এর BJMC সফর

গত ০৭/০১/২০১৬ তারিখে বিজেএমসি'র স্ট্র্যাটেজিক পার্টনার 'আইডি গ্লোবাল হোল্ডিংস লিঃ' এর প্রতিনিধি এবং সৌদি আরবস্থ বহুজাতিক কোম্পানী 'আল মুহাইদিব কোম্পানী' এর নয়াদিল্লিস্থ সাবসিডিয়ারি কোম্পানী 'আল মাহা ফুডস্ ইন্টারন্যাশনাল (প্রাঃ) লিঃ' এর ম্যানিজিং ডিরেক্টর মি. এইচ আর সালমান এবং ম্যানেজার (ল্যাবরেটরী) মি. আরিফ শামু বিজেএমসি'র মিলসমূহ পরিদর্শন করেন। এ সময়ে তারা টেকনিক্যাল বিষয়ে বিজেএমসি'র কর্মকর্তাদের সাথে কথা বলেন। তাদের দেশের চাল মোড়কীকরণের (প্যাকেজিং) জন্য বিজেএমসি প্রস্তুতকৃত ব্যাগ ক্রয়ে অত্যন্ত আগ্রহ প্রকাশ করেন।





## জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত'র সৌজন্য সাক্ষাৎ

জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত H. E. Ms Rabab Fatima ১৩ জানুয়ারি ২০১৬ বিজেএমসি'র প্রধান কার্যালয়ে চেয়ারম্যান বিজেএমসি মেজর জেনারেল (অবঃ) হুমায়ূন খালেদের সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সাক্ষাতকালে বিজেএমসি'র চেয়ারম্যান ও পরিচালকবৃন্দ তাঁর সাথে কিছু সময় অতিবাহিত করেন এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলাপ করেন। আলাপকালে তাঁরা জাপানকে বিজেএমসি'র জন্য সম্ভাবনাময় বাজার হিসাবে চিহ্নিত করেন।



## মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রীর সাথে নেপালের ব্যবসায়ী প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ



মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রী মুহাম্মদ ইমাজ উদ্দিন প্রামাণিক'র সাথে সচিবালয়ে তার অফিস কক্ষে ২৫ জানুয়ারি নেপালের ব্যবসায়ী প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাৎকালে তাঁরা দু'দেশের বস্ত্র ও পাট শিল্পের দ্বিপাক্ষিক বাণিজ্য ও এর অগ্রগতি নিয়ে আলোচনা করেন। নেপালের প্রতিনিধিরা জানান, 'বাংলাদেশ ও নেপালের বন্ধুত্বের ঐতিহাসিক সম্পর্ক দু'দেশের নিয়মিত বাণিজ্য বৃদ্ধি এবং বস্ত্র ও পাটখাতে ব্যবসা সম্প্রসারণের মাধ্যমে জোরদার হবে।' এ সময় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে সচিব জনাব ফরিদউদ্দিন আহম্মদ চৌধুরী, বিজেএমসি'র চেয়ারম্যান (অবঃ) মেজর জেনারেল হুমায়ূন খালেদ, পাট অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোয়াজ্জেম হোসেন, বিটিএমসি'র চেয়ারম্যান ব্রিগ্রে. জেনারেল মো. বায়জিদ সারোয়ার প্রমুখ উপস্থিত ছিলেন। নেপালের ব্যবসায়ী প্রতিনিধি দলের সাথে বাংলাদেশে নেপালের চার্জ দ্য অ্যাফেয়ার্স জনাব সুশীল লমসালও উপস্থিত ছিলেন।

## মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রীর সাথে ব্রাজিলের রাষ্ট্রদূত'র সৌজন্য সাক্ষাৎ

গত ২৮শে ফেব্রুয়ারি মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রী মুহাম্মদ ইমাজ উদ্দিন প্রামাণিক, এম.পি এর সাথে সচিবালয়ে তার অফিস কক্ষে সৌজন্য সাক্ষাত করেন বাংলাদেশে নিযুক্ত ব্রাজিল রাষ্ট্রদূত H.E. Wanja Campos da Nobrega। সাক্ষাৎকালে দু'দেশের বস্ত্র ও পাট শিল্পের দ্বিপাক্ষিক বাণিজ্য ও এর অগ্রগতি নিয়ে আলোচনা করেন। এ সময় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে সচিব জনাব শহীদ উল্লা খন্দকার, বিজেএমসি'র চেয়ারম্যান মেজর জেনারেল (অবঃ) হুমায়ূন খালেদ, পাট অধিদপ্তরের মহাপরিচালক মোয়াজ্জেম হোসেন, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের যুগ্মসচিব নাসিমা বেগম প্রমুখ উপস্থিত ছিলেন।



## প্লাটিনাম জুট মিলস্ লিঃ-এর প্রকল্প পর্ষদ সভা অনুষ্ঠিত



গত ২৩ জানুয়ারি ২০১৬ ইং তারিখে প্লাটিনাম জুবিলী জুট মিলস লিঃ-এর সভাকক্ষে ৬৫তম এন্টারপ্রাইজ বোর্ড সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিজেএমসি'র চেয়ারম্যান মেজর জেনারেল (অবঃ) হুমায়ূন খালেদ, পিএসসি। উক্ত সভায় উপস্থিত ছিলেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বস্ত্র-২) জনাব মোঃ রেজাউল কাদের, অর্থ মন্ত্রণালয়ের উপ সচিব জনাব মোঃ হাসান খালেদ ফয়সাল, জনতা ব্যাংক বিভাগীয় কার্যালয়, খুলনা'র মহাব্যবস্থাপক জনাব মোঃ কবির আহমদ এবং বিজেএমসি কর্তৃক মনোনীত অন্যান্য কর্মকর্তাবৃন্দ। সভাশেষে পর্ষদবৃন্দ সরেজমিনে মিল পরিদর্শন করেন।

## খালিশপুর জুট মিলস্ লিঃ-এর প্রথম প্রকল্প পর্ষদ সভা ও পরিদর্শন সম্পন্ন

গত ২৪/০১/২০১৬ খ্রিঃ তারিখে পূর্ণাঙ্গ পর্ষদের উপস্থিতিতে চেয়ারম্যান, বিজেএমসি মেজর জেনারেল (অবঃ) হুমায়ূন খালেদ, পিএসসি'র সভাপতিত্বে খালিশপুর জুট মিলস্ লিঃ-এর প্রথম প্রকল্প পর্ষদ সভা অনুষ্ঠিত হয়। সভাশেষে এন্টারপ্রাইজ বোর্ডের পরিচালক বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ মনিরুজ্জামান, অর্থ মন্ত্রণালয়ের উপ সচিব জনাব সায়েমা শাহীন সুলতানা, রূপালী ব্যাংকের মহাব্যবস্থাপক জনাব বিষ্ণুপদ চক্রবর্তীসহ বিজেএমসি'র চেয়ারম্যান সরেজমিনে মিল পরিদর্শন করেন এবং উপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারী-শ্রমিকদের সাথে কুশল বিনিময় করেন।



## বিজেএমসি প্রধান কার্যালয়ে প্রকল্প প্রধানদের সাথে সভা অনুষ্ঠিত



গত ০১/০২/২০১৬ তারিখে বিজেএমসির আওতাধীন মিলসমূহের প্রকল্প প্রধানদের উপস্থিতিতে সকাল ১০.৩০ ঘটিকার সময় প্রধান কার্যালয়ের সভাকক্ষে বিজেএমসির চেয়ারম্যান মেজর জেনারেল (অবঃ) হুমায়ুন খালেদ এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সংস্থার পরিচালকবৃন্দ, সচিব, মহাব্যবস্থাপকবৃন্দ ও বিভাগীয় প্রধানগণ মিলের পাটক্রয়, উৎপাদন, শ্রমিক সম্পর্ক, পরিকল্পনা, রক্ষণাবেক্ষণ, বিপণন, চিকিৎসা ব্যবস্থা, মিলের পরিবেশ, নিরাপত্তা, সেট-আপ, বিদ্যুৎ বিল, গ্যাস বিল, বর্তমান আর্থিক সংকট ও উত্তরণ, লোকবল ও প্রশাসনিক বিষয়সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। সভায় অনেকগুলো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয় এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। পরিশেষে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়। এছাড়া, গত ২৭শে ফেব্রুয়ারি তারিখে করিম জুট মিলস্ লিঃ-এর সভাকক্ষে প্রকল্প প্রধানদের সাথে একটি ফলো-আপ সভা অনুষ্ঠিত হয়।

## রপ্তানী ও বিপণন বিভাগীয় প্রধানদের সাথে সভা

সংস্থার পরিচালক (বিপণন) কর্ণেল কে লেনিন কামাল এর সভাপতিত্বে বিজেএমসি প্রধান কার্যালয়ের বোঁড কক্ষে গত ২ ফেব্রুয়ারি ২০১৬ বিপণন বিভাগের ১০০০তম বিক্রয়, উৎপাদন ও রপ্তানী পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বিজেএমসি'র বিপণন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণসহ ঢাকা, চট্টগ্রাম ও খুলনা অঞ্চলের মিলসমূহের রপ্তানী বিভাগের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় আভ্যন্তরীণ বাজারসহ আন্তর্জাতিক বাজারেও পাটপণ্য বিক্রয়ের বিষয়ে বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয় এবং পাটপণ্য বিক্রয়ের প্রচেষ্টা জোরদার করার জন্য নির্দেশনা দেয়া হয়। বিশেষ করে পাটপণ্যের গুণগত মান ও নির্ধারিত সময়ে সরবরাহের বিষয়টি নিশ্চিতকরণের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। সেই সাথে উচ্চমূল্যে এবং পণ্য অগ্রাধিকার ভিত্তিতে সরবরাহেরও নির্দেশনা দেয়া হয়।

## বিজেএমসি পরিদর্শনে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব জনাব শহীদ উল্লা খন্দকার মহোদয় গত ১৪ই মার্চ বিজেএমসি পরিদর্শনে আসেন। বিজেএমসি'র চেয়ারম্যানসহ পরিচালকবৃন্দ তাকে স্বাগত জানান। এ সময় তিনি বোর্ড সভাকক্ষে বিজেএমসি'র চেয়ারম্যানসহ পরিচালকমণ্ডলীর সাথে মত বিনিময়কালে সংস্থার ভবিষ্যৎ পরিকল্পনা ও ডিপিপিতে Viscose সহ অন্যান্য সম্ভাবনাময় পণ্যসমূহের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি উক্ত প্রকল্পসমূহ কার্যকরভাবে উপস্থাপনের লক্ষ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন।

## বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে নতুন সচিবের যোগদান



বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে গত ২০/০৩/২০১৬ তারিখে নতুন সচিব হিসাবে জনাব এম এ কাদের মহোদয় যোগদান করেছেন। তিনি তাঁর পূর্বসূরী সচিব জনাব শহীদ উল্লা খন্দকার মহোদয়ের স্থলাভিষিক্ত হলেন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব হিসাবে দায়িত্ব পালন করেন।

## অবসর

বিজেএমসি প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও মিলসমূহ হতে যে সকল কর্মকর্তা জানুয়ারি - মার্চ ২০১৬ মাসে অবসর গ্রহণ (পি আর এল) করেছেন তাদের জন্য রইল প্রাণঢালা শুভকামনা, তারা হলেন:

| ক্র: নং | কর্মকর্তার পরিচিতি | | | পিআরএল/ অবসরের তারিখ |
|---|---|---|---|---|
| | নাম | পদবী | মিল/কার্যালয়ের নাম | |
| ১. | জনাব মোঃ এচারুল হক চৌধুরী | ব্যবস্থাপক (উৎপাদন) | গুল আহমদ জুট মিলস্ লিঃ | ১৫/০২/২০১৬ |
| ২. | জনাব আব্দুল আলীম | ব্যবস্থাপক (উৎপাদন) | কার্পেটিং জুট মিলস্ লিঃ | - |
| ৩. | জনাব মোঃ শাহাবুদ্দিন | ব্যবস্থাপক (পুরকৌশল) | গুল আহমদ জুট মিলস্ লিঃ | - |
| ৪. | জনাব মোঃ সফিউর রহমান | উপ-ব্যবস্থাপক (হিঃ ও অর্থ) | মিলস্ ফার্নিশিংস লিঃ | ০৩/০২/২০১৬ |
| ৫. | মিঞা জহির উদ্দিন আহমেদ | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) | বাগদাদ ঢাকা কার্পেট ফ্যাক্টরী | ০২/০২/২০১৬ |
| ৬. | জনাব মোঃ আব্দুস সামাদ | উপ-ব্যবস্থাপক (ভাণ্ডার) | জাতীয় জুট মিলস্ লিঃ | ২৭/০২/২০১৬ |
| ৭. | জনাব এ এম মোঃ মহিউদ্দিন | প্রকৌশলী (যান্ত্রিক) | প্রকল্প প্রধান (ভার:), বিডিসিএফ | ০২/০১/২০১৬ |
| ৮. | জনাব চামান আরা বেগম | উপ-ব্যবস্থাপক (এমআইএস) | বিজেএমসি | ০৪/০১/২০১৬ |
| ৯. | জনাব জাকিয়া বেগম | সহ-ব্যবস্থাপক (এমআইএস) | বিজেএমসি | ০১/০১/২০১৬ |
| ১০. | জনাব আব্দুল গফুর | সহ-ব্যবস্থাপক (হিসাব) | আঞ্চলিক কার্যালয়, খুলনা | ০১/০১/২০১৬ |
| ১১. | জনাব এন্তাজ আলী | সহ-ব্যবস্থাপক (হিসাব) | জাতীয় জুট মিলস্ লিঃ | ১২/০১/২০১৬ |
| ১২. | জনাব এম এম লিয়াকত আলী | সহকারী হিসাব কর্মকর্তা | খালিশপুর জুট মিলস্ লিঃ | ০২/০১/২০১৬ |
| ১৩. | জনাব হাজেরা খাতুন | সহ-নিরীক্ষা কর্মকর্তা | বিজেএমসি | ০৫/০১/২০১৬ |
| ১৪. | জনাব সৈয়দ আলী হোসেন | সহঃ সমন্বয় কর্মকর্তা | ইউএমসি জুট মিলস্ লিঃ | ০৭/০১/২০১৬ |
| ১৬. | জনাব আছিয়া খাতুন | সহকারী হিসাব কর্মকর্তা | জাতীয় জুট মিলস্ লিঃ | ১৩/০১/২০১৬ |
| ১৭. | জনাব মোঃ ছিদ্দিকুর রহমান | সহকারী হিসাব কর্মকর্তা | বিজেএমসি | ০১/০২/২০১৬ |
| ১৮. | জনাব মুন্সী ইকবাল হোসেন | এপিও | ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | ০৯/০২/২০১৬ |
| ১৯. | জনাব মোঃ আবুল হাসেম খান | সহকারী বিক্রয় কর্মকর্তা | বিজেএমসি | ০১/০৩/২০১৬ |
| ২০. | জনাব মোঃ সিরাজুল ইসলাম | উপ-সহকারী প্রকৌশলী | করিম জুট মিলস্ লিঃ | ১৪/০৩/২০১৬ |
| ২১. | জনাব মোঃ ছালেহ উদ্দিন | মান নিয়ন্ত্রণ সহকারী | করিম জুট মিলস্ লিঃ | ১৪/০১/২০১৬ |
| ২২. | জনাব আবুল কাশেম মোল্লা | ইউডিএ (মজুরী) | ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | ০২/০২/২০১৬ |
| ২৩. | জনাব মীর ওয়াসেক আলী | টালী করণিক | ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | ০৯/০২/২০১৬ |
| ২৪. | জনাব আফসার উদ্দিন আহমেদ | নিরাপত্তা প্রহরী | ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | ০৭/০২/২০১৬ |
| ২৫. | জনাব মোঃ পান্না মিয়া | নিরাপত্তা প্রহরী | করিম জুট মিলস্ লিঃ | ১৪/০২/২০১৬ |
| ২৬. | জনাব গিয়াসউদ্দিন সিকদার | অফিস সহায়ক | ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ | ১৭/০১/২০১৬ |

## শোক বার্তা

বাংলাদেশ পাটকল করপোরেশন শোকস্তব্ধ হৃদয়ে মহান আল্লাহপাকের নিকট নিম্নবর্ণিত মরহুমদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সহানুভূতি ও সমবেদনা জ্ঞাপন করছেঃ

| ক্রম নং | মৃত ব্যক্তির নাম ও পদবী | মিলের নাম | মৃত্যুর তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ জামাল উদ্দিন, নিরাপত্তা প্রহরী | করিম জুট মিলস্ লিঃ | ০১/০১/'১৬ |
| ২. | জনাব আঃ রহমান, নিরাপত্তা প্রহরী | বাংলাদেশ জুট মিলস্ লিঃ | ০৬/০১/'১৬ |
| ৩. | জনাব মোঃ শামছুর রহমান মোল্লা, ইস্প্রুভার | ইস্টার্ন জুট মিলস্ লিঃ | ০৬/০১/'১৬ |
| ৪. | জনাব মানিক চন্দ্র, সর্দার | প্লাটিনাম জুবিলী জুট মিলস্ লিঃ | ১১/০১/'১৬ |
| ৫. | জনাব মোঃ চাঁদ মিয়া, তাঁতী | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | ১২/০১/'১৬ |
| ৬. | জনাব মোঃ নুরুল ইসলাম, ববিন টার্নার | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | ২১/০১/'১৬ |
| ৭. | জনাব মোঃ গিয়াস উদ্দিন | প্লাটিনাম জুবিলী জুট মিলস্ লিঃ | ২৫/০১/'১৬ |
| ৮. | জনাব মোঃ মন্নু মিয়া, মিহি তাঁতী | ইস্টার্ন জুট মিলস্ লিঃ | ৩০/০১/'১৬ |
| ৯. | জনাব মোস্তফা কামাল, ওভারহেড সাহায্যকারী | গুল আহমদ জুট মিলস্ লিঃ | ০৪/০২/'১৬ |
| ১০. | জনাব মোঃ নুরুল ইসলাম, ক্লথ রিপেয়ারার | প্লাটিনাম জুবিলী জুট মিলস্ লিঃ | ০৬/০২/'১৬ |
| ১১. | জনাব কামাল উদ্দিন, নিরাপত্তা প্রহরী | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | ১০/০২/'১৬ |
| ১২. | জনাব শামছুর রহমান, মিহি তাঁতী | ইস্টার্ন জুট মিলস্ লিঃ | ১১/০২/'১৬ |
| ১৩. | জনাব মোঃ হোসেন, গাড়ী চালক | প্লাটিনাম জুবিলী জুট মিলস্ লিঃ | ১৬/০২/'১৬ |
| ১৪. | জনাব মোঃ ছিদ্দিক আহাম্মদ, সাহায্যকারী | গুল আহমদ জুট মিলস্ লিঃ | ১৮/০২/'১৬ |
| ১৫. | জনাব মোঃ আব্দুল আলীম, ব্যবস্থাপক (উৎ) | কার্পেটিং জুট মিলস্ লিঃ | ২৬/০২/'১৬ |
| ১৬. | জনাব মুজিবর রহমান শেখ, হ্যামিং মেশিনম্যান | ইস্টার্ন জুট মিলস্ লিঃ | ২৭/০২/'১৬ |
| ১৭. | জনাব আবুল বাশার, স্পিনার | করিম জুট মিলস্ লিঃ | ১১/০৩/'১৬ |
| ১৮. | জনাব মতিউর রহমান, তাঁতী | করিম জুট মিলস্ লিঃ | ১৫/০৩/'১৬ |
| ১৯. | জনাব মোঃ শাহাবুদ্দিন, ব্যবস্থাপক (পুর) | গুল আহমদ জুট মিলস্ লিঃ | ২২/০৩/'১৬ |
| ২০. | জনাব আনসার আলী, নিরাপত্তা প্রহরী | করিম জুট মিলস্ লিঃ | ২৩/০৩/'১৬ |

## শিক্ষাঙ্গন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং - ৩৭.২০.০০০০.০০১.০৩৬.০১৬.২০১৬.৪৬৫; তারিখঃ ১৪/২/২০১৬ এর নির্দেশনার আলোকে হাফিজ জুট মিলস্ লিঃ, চট্টগ্রামের সবুজ শিক্ষায়তন উচ্চ বিদ্যালয়ের ষ্টুডেন্টস্ কেবিনেট নির্বাচন গত ২১/০৩/২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে ৩৮ জন শিক্ষার্থী প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। ৭৮১ জন ভোটারের মধ্যে ৬৭২ জন শিক্ষার্থী ভোট প্রদান করেন। ভোটাররা ৫টি শ্রেণিতে ৭ জন স্টুডেন্ট কেবিনেট প্রতিনিধি নির্বাচিত করেন।




## কৃতি সন্তান

**'এ' লেভেল** পরীক্ষার ফলাফল

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীর পরিচিতি (নাম ও পদবী) | সন্তানের নাম | শিক্ষা প্রতিষ্ঠান | প্রাপ্ত ফলাফল |
|---|---|---|---|---|
| ১. | **জনাব মোঃ শহিদ উল্যাহ**<br>উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ), বিজেএমসি | রিদওয়ান আবরার (মুগ্ধ) | একাডেমিয়া<br>লালমাটিয়া, ঢাকা। | এ+<br>(সকল বিষয়) |

## কৃতি সন্তান

**২০১৫ সালের 'পিএসসি'** পরীক্ষার ফলাফল

| ক্র: নং | কর্মকর্তা/কর্মচারীর পরিচিতি (নাম ও পদবী) | সন্তানের নাম | শিক্ষা প্রতিষ্ঠান | প্রাপ্ত ফলাফল |
|---|---|---|---|---|
| ১. | **জনাব মানিক চন্দ্র সরকার**<br>উপ-ব্যবস্থাপক (উৎপাদন) বিজেএমসি প্রধান কার্যালয়ের গবেষণা বিভাগে কর্মরত | কল্প আদিত্য সরকার | অষ্টধার সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>ময়মনসিংহ | এ+ (গোল্ডেন)<br>সাধারণ বৃত্তিপ্রাপ্ত |
| ২. | **জনাব মোঃ আলাউদ্দিন**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>মান নিয়ন্ত্রণ বিভাগ, বিজেএমসি | মাহিয়া আক্তার আসফি | হযরত সৈয়দ নাছিরউদ্দিন কিন্ডারগার্টেন<br>নারায়নগঞ্জ | এ+ (গোল্ডেন) |
| ৩. | **জনাব মোঃ আবু বকর**<br>উপ-ব্যবস্থাপক (উৎপাদন) ও পাট বিভাগীয় প্রধান<br>করিম জুট মিলস্ লিঃ | আয়েশা মাশিয়াত | এলিজাবেথ মার্বেল প্রাথমিক বিদ্যালয়, খালিশপুর<br>খুলনা | এ+ |

## বি ৬০ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের বিজেএমসি হতে প্রশিক্ষণ গ্রহণ

গত ০২/০৩/২০১৬ তারিখে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের বিপিএটিসি বি ৬০ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী ১০ (দশ) জন প্রশিক্ষণার্থী (বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে সংযুক্ত) বিজেএমসিতে আসেন। তাদের প্রশিক্ষণের অংশ হিসেবে বিজেএমসি'র সার্বিক কার্যক্রম সম্পর্কে ধারণা লাভ করেন। বিজেএমসি'র পরিচালকবৃন্দ এবং সচিব তাঁদেরকে সার্বিক বিষয়ে ব্রিফিং দেন। অপরাহ্নে তারা সরেজমিনে লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ পরিদর্শন করেন, পাট পণ্য উৎপাদন প্রক্রিয়া দেখেন এবং এ বিষয়ে সম্যক ধারণা লাভ করেন।

## বিজেএমসির প্রধান কার্যালয় এবং বিজেএমসির ০২ (দুই) টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে (জেজেআই, খুলনা ও গুল আহমদ জুট মিলস, চট্টগ্রাম) প্রশিক্ষণ প্রদান

বিজেএমসির ০২ (দুই) টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে (জেজেআই, খুলনা ও গুল আহমদ জুট মিলস, চট্টগ্রাম) বিজেএমসির শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য বুনিয়াদী প্রশিক্ষণ, সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা কোর্স, এ্যাডভান্সড কম্পিউটার কোর্স, প্রোডাকটিভিটি ইমপ্রুভমেন্ট কোর্স, এ্যাডভান্সড অফিস ম্যানেজমেন্ট কোর্স, ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স, পিপিএ ২০০৬/পিপিআর ২০০৮ ও মামলা মোকদ্দমা পরিচালনা, নিরাপত্তা প্রশিক্ষণ কোর্স, উৎপাদনশীলতা উন্নয়নের কৌশল, ওরিয়েন্টেশন কোর্স ইত্যাদি। জানুয়ারি-মার্চ, ২০১৬ পর্যন্ত সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা কোর্স চলমান রয়েছে এ পর্যন্ত ৩৩৩ (তিনশত তেত্রিশ) জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বর্তমানে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।




এছাড়া, বিজেএমসির প্রধান কার্যালয়ে বিজেএমসির সকল কর্মচারী ও কর্মকর্তাগণের কম্পিউটার ব্যবহারে দক্ষতা উন্নয়নের জন্য এডভান্সড কম্পিউটার প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়। জানুয়ারি-মার্চ, ২০১৬ পর্যন্ত-১০০ (একশত) জনকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বর্তমানে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

## বিজেএমসির ৩৫ তম বার্ষিক কেন্দ্রীয় ক্রীড়া অনুষ্ঠান











*বিজেএমসির ৩৫ তম বার্ষিক কেন্দ্রীয় ক্রীড়া অনুষ্ঠানের উদ্বোধনী ও বিভিন্ন ইভেন্ট*

## বিজেএমসির ৩৫ তম বার্ষিক কেন্দ্রীয় ক্রীড়া অনুষ্ঠান



*মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রী চ্যাম্পিয়ন দলের হাতে শীল্ড তুলে দিচ্ছেন*

বিজেএমসির ৩৫ তম বার্ষিক কেন্দ্রীয় ক্রীড়া প্রতিযোগিতা গত ২৬ ও ২৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে ডেমরাস্থ করিম জুট মিলের মাঠে অনুষ্ঠিত হয়। উক্ত ক্রীড়া প্রতিযোগিতায় ঢাকা, চট্টগ্রাম ও খুলনা অঞ্চলের মোট ২৫৭ জন ক্রীড়াবিদ এ্যাথলেটিকস্, সাইক্লিং, হ্যান্ডবল (মহিলা), ভলিবল (মহিলা) ও কাবাডি (মহিলা) প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ২৬/০২/২০১৬ তারিখ শুক্রবার ৩.৩০ মিনিটে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব জনাব শহীদুল্লাহ খন্দকার মহোদয় ক্রীড়া অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন। ২৭/০২/২০১৬ তারিখ শনিবার বিকাল ৫.০০ টায় প্রধান অতিথি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মুহাম্মদ ইমাজ উদ্দিন প্রামাণিক এবং বিশেষ অতিথি ঢাকা-৫ আসনে মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব হাবিবুর রহমান মোল্লা ক্রীড়া অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। উক্ত ক্রীড়া প্রতিযোগিতার বিভিন্ন অঞ্চলের ফলাফল নিম্নরূপ:

ঢাকা অঞ্চল : এ্যাথলেটিকস্, সাইক্লিং, হ্যান্ডবল (মহিলা), ভলিবল (মহিলা) ও কাবাডি (মহিলা) প্রতিযোগিতায় অংশগ্রহণ করে চ্যাম্পিয়নশীপের গৌরব অর্জন করে।

চট্টগ্রাম অঞ্চল : এ্যাথলেটিকস্, হ্যান্ডবল (মহিলা) ও ভলিবল (মহিলা) প্রতিযোগিতায় অংশগ্রহণ করে রানারআপ হওয়ার গৌরব অর্জন করে।

খুলনা অঞ্চল : সাইক্লিং ও কাবাডি (মহিলা) প্রতিযোগিতা অংশগ্রহণ করে রানারআপ হওয়ার গৌরব অর্জন করে এবং এ্যাথলেটিকস্, হ্যান্ডবল (মহিলা) ও ভলিবল (মহিলা) প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ৩য় স্থান লাভ করে।

## ৩৪ তম জাতীয় জিমন্যাস্টিকস ২০১৬-বিজেএমসির জিমন্যাস্টিকস দল চ্যাম্পিয়ন



৩৪ তম জাতীয় জিমন্যাস্টিকস প্রতিযোগিতা ২৫-২৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় বিজেএমসির জিমন্যাস্টিকস দল চ্যাম্পিয়ন হয়।

## স্বাধীনতা দিবস মহিলা হ্যান্ডবল প্রতিযোগিতায় বিজেএমসি'ই চ্যাম্পিয়ন



স্বাধীনতা দিবস মহিলা হ্যান্ডবল প্রতিযোগিতা ২৬-২৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় বিজেএমসির মহিলা হ্যান্ডবল দল চ্যাম্পিয়ন হয়।

## কুক্কিয়ান কাপ তায়কোয়ান্ডো চ্যাম্পিয়নশীপে বিজেএমসি জয়ী



গত ১৯-২০ মার্চ ২০১৬ তারিখ কুক্কিয়ান কাপ তায়কোয়ান্ডো চ্যাম্পিয়নশীপ অনুষ্ঠিত হয়। এ প্রতিযোগিতায় বিজেএমসি চ্যাম্পিয়ন হয়।

## 'কেএফসি জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০১৫' বিজেএমসি'র জয়

কেএফসি জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০১৫-এর চূড়ান্ত পর্বের খেলা ২-১০ মার্চ ২০১৬ তারিখে ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত খেলায় বিজেএমসির মহিলা ফুটবল টিম চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। ছবিতে চ্যাম্পিয়ন ট্রফিসহ বিজয়ী বিজেএমসি'র কর্মকর্তাদের সাথে জয়ের আনন্দে উল্লসরত বিজয়ী দলের খেলোয়াড়বৃন্দ।




## Lotto ৩য় জাতীয় যুব মহিলা (অনুর্ধ -১৯) হ্যান্ডবল-এ বিজেএমসি মহিলা হ্যান্ডবল টিম চ্যাম্পিয়ন




Lotto ৩য় জাতীয় যুব মহিলা (অনুর্ধ -১৯) হ্যান্ডবল প্রতিযোগিতা ২০-২৩ মার্চ ২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় নওগাঁ জেলা দলকে ১৯-১১ গোলে হারিয়ে বিজেএমসি মহিলা হ্যান্ডবল যুব টিম চ্যাম্পিয়ন হয়।

## ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা উদযাপন






মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে ২১শে ফেব্রুয়ারি ২০১৬ তারিখে বিজেএমসি'র অফিসার্স এসোসিয়েশন, বিজেএমসি মুক্তিযোদ্ধা কমান্ড ইউনিট ও কেন্দ্রীয় কর্মচারী সংসদ (সিবিএ) কর্তৃক শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পন করা হয়। শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের মসজিদে দোয়া-মাহফিল, কালো ব্যাজ ধারণ, আলোচনা সভা, পুষ্পস্তবক অর্পনসহ যথাযথ মর্যাদা ও ভাব গাম্ভীর্যের মধ্য দিয়ে মহান একুশে উদযাপিত হয়।

## ২৬শে মার্চ মহান স্বাধীনতা উদযাপন






২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উপলক্ষে বিজেএমসি প্রধান কার্যালয়ের অফিসার্স এসোসিয়েশন, মুক্তিযোদ্ধা কমান্ড ইউনিট ও কেন্দ্রীয় কর্মচারী সংসদ (সিবিএ) জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পনের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে এবং সমন্বিত কর্মসূচি পালন করে। এছাড়াও, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। উক্ত জাতীয় দিবসে মিলসমূহে অফিস ভবনে জাতীয় পতাকা উত্তোলন, পুষ্প স্তবক অর্পন, নিরাপত্তা প্রহরীদের মনোজ্ঞ কুচকাওয়াজ প্রদর্শন, আলোচনা সভা, মিলাদ-মাহফিল, আলোকসজ্জাকরণসহ বিভিন্ন কর্মসূচি পালন করে।



## ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ এ সোশ্যাল ইসলামী ব্যাংকের ATM বুথ উদ্বোধন

ডিজিটাল বিজেএমসি গড়ার উদ্দেশ্যে এবং শ্রমিকদের মজুরী ও কর্মকর্তা-কর্মচারীদের বেতনভাতা উত্তোলন সহজীকরণের লক্ষ্যে গত ৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ খুলনার ক্রিসেন্ট জুট মিলের সম্মুখে সোশ্যাল ইসলামী ব্যাংক লিঃ এর একটি ATM বুথ উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে মিল ও ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## বনানী হাউজিং কমপ্লেক্সে বিজেএমসির প্লটে কর্মকর্তাদের আবাসনের জন্য ভবন নির্মাণ কাজের শুভ উদ্বোধন

বিজেএমসির চেয়ারম্যান মহোদয় গত ১৯শে জানুয়ারি বনানী হাউজিং কমপ্লেক্সে বিজেএমসির প্লটে কর্মকর্তাদের আবাসনের জন্য ১২ তলার ভিত্তিসহ চার (০৪) তলা বিশিষ্ট সি টাইপ (১২৫০ X ২) = ২৫০০ বর্গফুট আয়তনের ভবন নির্মাণ কাজের শুভ উদ্বোধন ঘোষণা ও ভিত্তি স্থাপন করেন। এ সময়ে সেখানে বিজেএমসি'র পরিচালক (অর্থ), পরিচালক (উৎপাদন ও পাট), পরিচালক (বিপণন), পরিচালক (গমানি), বিজেএমসি সচিব, সংশ্লিষ্ট প্রকৌশলীবৃন্দসহ অন্যান্য কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

